**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date 21-08-2025** **Time: 7.35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল একদিনের সফরে কলকাতা আসছেন। সফরকালে তিনি ৫ হাজার ২শো কোটি টাকার উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

২) ভোটার তালিকায় ভুয়ো নাম তোলার অভিযোগে দুই **WBCS** আধিকারিক **ERO** সহ পাঁচজনের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ভারতের নির্বাচন কমিশনের দেওয়া সময়সীমা আজ শেষ হচ্ছে।

৩) দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপ মহকুমায় ভুয়ো জন্ম এবং আবাসিক শংসাপত্র দেওয়ার ব্যাপারে কলকাতা হাইকোর্ট, নির্বাচন কমিশনের রিপোর্ট তলব করেছে।

৪) কার্মাইকেল হস্টেলে দুষ্কৃতি আক্রমণে আহত বেশ কয়েকজন আবাসিক পড়ুয়া।

৫) বঙ্গোপসাগর থেকে অতিরিক্ত জলীয় বাষ্প প্রবেশের ফলে রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী কয়েকদিন বিক্ষিপ্ত বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ।

৬) ইস্টবেঙ্গলকে হারিয়ে ডায়মন্ডহারবার এফ সি, ডুরান্ড কাপ ফুটবলের ফাইনালে পৌঁছেছে।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল একদিনের সফরে কলকাতা আসছেন। সফরকালে তিনি ৫ হাজার ২শো কোটি টাকার উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও

শিলান্যাস করবেন। এক অনুষ্ঠানে তিনি মেট্রোরেলের একাধিক নতুন পথে যাত্রাশুরুর সংকেত দেবেন।

একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট- দীপঙ্কর)

দমদম সেন্ট্রাল জেল ময়দানে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ১ হাজার ২শো কোটি টাকা ব্যয়ে ৭ দশমিক ২ কিলোমিটার দীর্ঘ ৬ লেনের এলিভেটেড কোনা এক্সপ্রেসওয়ের শিলান্যাস করবেন। এর ফলে হাওড়া সহ গ্রামীণ এলাকার সঙ্গে কলকাতার যোগাযোগ আরো সহজ হবে। সবশেষে দমদম সেন্ট্রাল জেল ময়দানে একটি রাজনৈতিক জনসভায় বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী।

অনুষ্ঠান শেষে তিনি কলকাতা বিমানবন্দরে যাবেন এবং সেখান থেকে দিল্লির উদ্দেশ্যে রওনা হবেন।

প্রধানমন্ত্রীর সফরকে ঘিরে জোরদার করা হয়েছে নিরাপত্তা ব্যবস্থা। আগামীকাল একাধিক রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করা হবে।

oooooooooooooooooooo

ভোটার তালিকায় ভুয়ো নাম তোলার অভিযোগে দুই **WBCS** আধিকারিক **ERO** সহ পাঁচজনের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ভারতের নির্বাচন কমিশনের দেওয়া সময়সীমা আজ শেষ হচ্ছে। তবে এখনও পর্যন্ত তাদের বিরুদ্ধে রাজ্য সরকারের পক্ষ থেকে কি শাস্তিমূলক পদক্ষেপ নেওয়া হয়েছে, তা স্পষ্ট নয়। এরআগে দুই **ERO**, দুই **AERO** এবং এক অস্থায়ী ডেটা এন্ট্রি অপারেটরের বিরুদ্ধে নির্বাচন কমিশন সাসপেনশন ও **FIR** দায়ের করার জন্য রাজ্য সরকারকে লিখিতভাবে নির্দেশ দেয়। গত ৮-ই আগস্ট মুখ্য সচিব মনোজ পন্থকে ফের চিঠি পাঠিয়ে ৭২ ঘণ্টা সময় বেঁধে দেওয়া হয়। এরপর এক **AERO** এবং **DEO**-কে নির্বাচন সংক্রান্ত কাজকর্ম থেকে

অব্যাহতি দেয় রাজ্য। জানানো হয়, বাকিদের বিরুদ্ধে ওঠা অভিযোগ তদন্ত করে দেখা হবে। এর প্রেক্ষিতে মুখ্য সচিবকে দিল্লিতে তলব করে নির্বাচন কমিশন। তখনই সাতদিনের সময়সীমা দেওয়া হয়েছিল, যা আজ শেষ হচ্ছে।

oooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপ মহকুমায় ভুয়ো জন্ম এবং আবাসিক শংসাপত্র দেওয়ার ব্যাপারে কলকাতা হাইকোর্ট জাতীয় নির্বাচন কমিশনের রিপোর্ট তলব করেছে। বিচারপতি অমৃতা সিনহা জানিয়েছেন, ভোটার তালিকা পর্যালোচনা করতে গিয়ে কি গরমিল ধরা পড়লো তা জানাতে হবে। ভুয়ো শংসাপত্র দেওয়ার অভিযোগে কাকদ্বীপের অ্যাসিস্ট্যান্ট সিস্টেম ম্যানেজারকে সাসপেন্ড করা হয়েছে। যদিও তাঁর অভিযোগ দক্ষিণ ২৪ পরগনার পাঠানখালি গ্রাম পঞ্চায়েতে বাংলাদেশ ও পাকিস্তান থেকে আসা বহু মানুষকে নাগরিকত্ব দেওয়ার জন্য ভুয়ো শংসাপত্র দেওয়া হয়েছে। এর প্রেক্ষিতে নির্বাচন কমিশন জানায়, তাদের পক্ষ থেকে উপযুক্ত পদক্ষেপ নেওয়া হয়েছে। ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর সময় তা খতিয়ে দেখা হবে। এরপরই বিচারপতি সিনহা আগামী ১০-ই সেপ্টেম্বর নির্বাচন কমিশনকে গৃহীত পদক্ষেপ, রিপোর্ট আকারে জমা দেওয়ার নির্দেশ দেয়।

ooooooooooooooooooooo

অনলাইন গেমিং – উৎসাহ ও নিয়ন্ত্রণ বিল ২০২৫ লোকসভায় পাশ হয়েছে। এই বিলে ই স্পোর্টস এবং অনলাইন সোশ্যাল গেমসকে উৎসাহদানের কথা বলা হলেও অনলাইনে টাকা পয়সা দিয়ে গেম খেলা, বিজ্ঞাপন এবং তদসংক্রান্ত সেরকমই ক্ষতিকর কোনো খেলায় আর্থিক লেনদেনকে নিষিদ্ধ করার সংস্থান রয়েছে। বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো গতকাল বিলটি পেশ করে মন্ত্রী বলেন, আর্থিক প্রতারণা ও তছরুপের ফলে অনলাইন মানি গেমিং সমাজে বিপজ্জনক উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। বহু পরিবার এর ফলে অর্থনৈতিক সঙ্কটের সম্মুখীন হয়েছেন। বেশ কিছু অনলাইন গেমস, আর্থিক তছরুপের পাশাপাশি সন্ত্রাসবাদে অর্থ যোগানের সঙ্গেও যুক্ত। এর বিরুদ্ধে ব্যবস্থা নিতেই সরকারের এই উদ্যোগ।

অনলাইন গেমিং বিল নিয়ে একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – কাশফিন )

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

oooooooooooooooooooo

শিয়ালদায় কর্মাইকেল হস্টেলে গতরাতে শিক্ষার্থীদের ওপর এক দল দুষ্কৃতির আক্রমণের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। আবাসিক শিক্ষার্থীদের ওপর স্থানীয় দোকানদার এবং দুষ্কৃতিরা হকিস্টিক, ছুরি, ব্যাট, উইকেট নিয়ে হামলা চালায় বলে অভিযোগ। এই ঘটনায় ১০ ছাত্র আহত হয়েছেন। তাদের মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। মুচিপাড়া থানার পুলিশ বেশ কয়েকজনকে আটক করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বেশ কয়েকজন পরিযায়ী শ্রমিককে দিল্লি থেকে বাংলাদেশে পাঠানোর অভিযোগে দায়ের হওয়া মামলার শুনানি আপাতত খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। দুই বিচারপতি তপব্রত চক্রবর্তী এবং ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চ জানিয়েছেন আগামী ২৯-শে আগস্ট এসংক্রান্ত মামলার শুনানি রয়েছে সুপ্রিম কোর্টে। তারপরই আগামী ১০-ই সেপ্টেম্বর হাইকোর্টে মামলার শুনানি গ্রহণ করা হবে। যদিও মামলাকারীদের দাবি তাদের আবেদন সম্পূর্ণ আলাদা। শীর্ষ আদালতের মামলার সঙ্গে তাদের কোন সম্পর্ক নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বেকার যুবক-যুবতীদের স্বনির্ভর করার লক্ষ্যে দক্ষতা উন্নয়ন ও উদ্যোগ মন্ত্রকের অধীনে হাওড়া জন শিক্ষণ সংস্থানের, উদ্যোগে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাগনান আনন্দ নিকেতন সভাঘরে গতকাল আয়োজিত ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গত কয়েক বছরে এই দপ্তরের প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হয়ে ওঠা বহু তরুণ-তরুণী। ১৫ থেকে ৪৫ বছর বয়সি এই উদ্যোগীদের সাফল্যের গল্প তাদের আলোচনায় উঠে আসে।

জন শিক্ষণ সংস্থানের অধিকর্তা নরোত্তম রায় জানান, হাতের কাজ শিখে আজ বহু ছেলে-মেয়ে আর্থিকভাবে স্বনির্ভর হয়েছে। কেউ টেইলারিং শিখে, কেউ বিউটি কালচারে, আবার কেউ ইলেকট্রিক বা এয়ার কন্ডিশন রিপেয়ারিং, হ্যান্ড এমব্রয়ডারির মতো প্রশিক্ষণ নিয়ে প্রতি মাসে ভালো টাকা উপার্জন করছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর-এ মৃত তরুণী পিজিটি চিকিৎসকের বাবার বিরুদ্ধে মানহানি মামলা দায়ের হওয়ার পর ক্ষোভে সোচ্চার হয়েছে অভয়ার পরিবার। তার মায়ের অভিযোগ তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুনাল ঘোষ টাকা দিয়ে মেয়ের ন্যায় বিচারের

আন্দোলন থেকে সরে গিয়ে রফা করার প্রস্তাব দিয়েছিলেন। সেই প্রস্তাবে তারা রাজি হননি। অভয়ার বিচারে সংগঠিত আন্দোলনকে দিকভ্রষ্ট করার উদ্দেশেই মানহানি মামলা দায়ের করা হয়েছে বলে অভিযোগ করেন তিনি। এব্যাপারে প্রয়োজনীয় আইননানুগ ব্যবস্থা নেওয়া হবে বলেও অভয়ার পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম বর্ধমানের অন্ডালে ইসিএল-এর বাঁকোলা এরিয়ায় শ্যামসুন্দর কোলিয়ারিতে খনিতে জল ঢুকে এক শ্রমিকের মৃত্যু হয়েছে। আটকে থাকা চারজনকে উদ্ধার করা হয়েছে। জানা গেছে, একটি বেসরকারি সংস্থার ৯ কর্মী তিন নম্বর পিটে খনিতে কাজ করার সময় দেওয়াল ভেঙে জল ঢুকতে শুরু করে। সেখানেই মৃত্যু হয় বছর ২৯-এর বিবেক কুমার মাঝির। অসুস্থ শ্রমিকদের উদ্ধার করে ইসিএল-এর হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়েছে। খনি কর্তৃপক্ষের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ তুলেছেন শ্রমিক সংগঠনের নেতারা।

০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার প্রিন্সেপ ঘাট স্টেশনে গত ১৬ ই আগস্ট এক যুবকের রক্তাক্ত দেহ উদ্ধারের ঘটনায় চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃত মহম্মদ আরমান, বাকিবুল্লা মন্ডল ওরফে ছোটু, রাজা মিশ্র এবং রাহুল মন্ডলকে গতকাল শিয়ালদা আদালতে তোলা হলে সাতদিনের পুলিশ হেফাজত হয়েছে। টাকা পয়সা নিয়ে গোলমালের জেরেই এই চারজন হাওড়ার বাসিন্দা অরবিন্দ মন্ডলকে কুপিয়ে খুন করে বলে অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বঙ্গোপসাগর থেকে অতিরিক্ত জলীয় বাষ্প প্রবেশের ফলে রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী কয়েকদিন বিক্ষিপ্ত বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । কোথাও কোথাও ভারী বৃষ্টি হতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত জানিয়েছেন।

বাইট

আজ দক্ষিণবঙ্গের পূর্ব মেদিনীপুর এবং দক্ষিণ 24 পরগনা জেলায় হলুদ সতর্কতা রয়েছে। উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় বিক্ষিপ্তভাবে দমকা হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

ooooooooooooooooooooo

ইস্টবেঙ্গলকে হারিয়ে ডায়মন্ডহারবার এফ সি, ডুরান্ড কাপ ফুটবলের ফাইনালে পৌঁছেছে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গতসন্ধ্যায় ডুরান্ড কাপের দ্বিতীয় সেমিফাইনালে ডায়মন্ডহারবার এফ সি ২-১ গোলে ইস্টবেঙ্গলকে হারিয়ে দেয়। ডায়মন্ডহারবার এফসি প্রথমবার ডুরান্ড কাপে অংশ নিয়েই ফাইনালে পৌঁছলো। আগামী শনিবার যুবভারতী ক্রীড়াঙ্গনে ডুরান্ড কাপের ফাইনালে ডায়মন্ডহারবার এফ সি, গতবারের চ্যাম্পিয়ন নর্থ ইস্ট ইউনাইটেড এর মুখোমুখি হবে।

ooooooooooooooooooooo

ooooooooooooooooooooo

ooooooooooooooooooo